দৈনিক খবর

তারিখ 29 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

177

# শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগ

শেরপুর (বগুড়া), ২৮শে জানুয়ারী (ছাইফুল বারী ডাবলু)।– শেরপুর ডিগ্রী কলেজে শিক্ষক নিয়োগে দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগে শেরপুর থানা সহকারী জজ আদালত অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করেছেন।

প্রকাশ, এস এম আবুল কালাম আজাদ বাদী হয়ে কলেজের অধ্যক্ষ/ সম্পাদক, সচিব শিক্ষা মন্ত্রণালয়, মহা–পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর ঢাকাসহ ১১ জনকে বিবাদী করে গত ২১শে জানুয়ারী সহকারী জজ আদালতে মামলা দায়ের করলে (মামলা নং ৯/৯৩) মাননীয় আদালত নতুন শিক্ষক নিয়োগের উপর নিষেধাজ্ঞা জারি করে শিক্ষকগণের শিক্ষকতা কাজে মন্ত্রণালয়ের তালিকাভুক্তকরণ, অনুমোদন লাভ, বেতন ভাতা তোলার অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করেন।

যে সমস্ত নতুন শিক্ষক নিয়োগ করা হয়েছে তা দুর্নীতি, স্বজনপ্রীতি ও অবৈধ কমিটির মাধ্যমে করা হয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়।